

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
ঢাকা

নং-এডি-পি১-৮২৯৬/০২৬১/২৬৭৪

তারিখ : ২২ মার্চ ২০১৭

প্রেরক : সায়মা রাজ্জাকী
সহকারী সচিব (সংস্থাপন-১)

প্রাপক : জনাব মোহাম্মদ নাজমুল হক
পরিচালক (সংস্থাপন)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয় : আগামী ১৮-২০ এপ্রিল ২০১৭ তারিখ পর্যন্ত মাননীয় প্রধানমন্ত্রীর ভূটান সফর উপলক্ষে বাংলাদেশ দূতাবাস, থিম্পু-এর কাজে সার্বিক সহযোগিতার জন্য সরকারি ভ্রমণের প্রশাসনিক মঞ্জুরি প্রসঙ্গে।

জনাব,


আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, থিম্পু, ভূটান-এ অনুষ্ঠিতব্য "International Conference on Autism & Neurodevelopmental Disorders 2017" অংশগ্রহণের নিমিত্ত আগামী ১৮-২০ এপ্রিল ২০১৭ তারিখ পর্যন্ত মাননীয় প্রধানমন্ত্রীর ভূটান সফর উপলক্ষে বাংলাদেশ দূতাবাস, থিম্পু-এর কাজে সার্বিক সহযোগিতার জন্য আপনার অনুকূলে আগামী ১০-২২ এপ্রিল ২০১৭ তারিখ পর্যন্ত ঢাকা-থিম্পু-ঢাকা ভ্রমণের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লেখিত ভ্রমণের শর্তাবলী নিম্নরূপঃ

- (ক) আপনি আগামী ১০ এপ্রিল ২০১৭ তারিখ অথবা এর নিকটবর্তী সময়ে থিম্পু-এর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ২২ এপ্রিল ২০১৭ অথবা এর নিকটবর্তী সময়ে ঢাকার উদ্দেশ্যে থিম্পু ত্যাগ করবেন।
- (খ) ভ্রমণকালীন সময়ে আপনি নিজ কর্মস্থলে কর্মরত রয়েছেন বলে গণ্য করা হবে এবং আপনার বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- (গ) এ প্রেক্ষিতে আপনি যাতায়াতের জন্য বিমান ভাড়া এবং বিধি অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন এবং তা পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরের সংশ্লিষ্ট খাত থেকে বিকলন যোগ্য হবে।
- (ঘ) অনুমোদিত ভ্রমণের অতিরিক্ত সময় আপনি থিম্পু-তে অবস্থান করতে পারবেন না।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


আপনার একান্ত,


(সায়মা রাজ্জাকী)

সহকারী সচিব (সংস্থাপন-১)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১. প্রধান, মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০২. সচিব-দ্বিপাক্ষিক (এশিয়া ও প্রশান্ত)/ দ্বিপাক্ষিক ও কনসুলার (ইউরোপ, আফ্রিকা এবং আমেরিকাস), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৩. মহাপরিচালক (প্রশাসন/ দক্ষিণ এশিয়া)/ রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৪. পরিচালক (পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর/ পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/সংস্থাপন/দক্ষিণ এশিয়া/অর্থ)/ রাষ্ট্রাচার উপ-প্রধান (সফর ও নীতি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৫. মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক (প্রধান কার্যালয়), ঢাকা।
০৬. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (রাষ্ট্রাচার-সফর/এসএসএ/বাজেট/তহবিল/কনসুলার-১/দক্ষিণ এশিয়া/ আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা।
০৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
০৯. বাংলাদেশ দূতাবাস, থিম্পু।
১০. সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি।


(সায়মা রাজ্জাকী)

সহকারী সচিব (সংস্থাপন-১)